# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 21-08-2025** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) ভোটার তালিকায় অনিয়মের জেরে নির্বাচন কমিশনের নির্দেশে পাঁচ অভিযুক্ত আধিকারিকদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিল রাজ্য সরকার।

২) অনলাইনে অর্থের বিনিময়ে বিভিন্ন খেলা, বিজ্ঞাপন এবং আর্থিক লেনদেনের মত ক্ষতিকারক বিষয় নিষিদ্ধ করতে সংসদে প্রোমোশন অ্যান্ড রেগুলেশন অফ অনলাইন গেমিং বিল ২০২৫ পাশ হয়েছে।

৩) একদিনের সফরে আগামীকাল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কলকাতায় আসছেন। এই সফরে তিনি মেট্রোরেলের তিনটি রুটের উদ্বোধন সহ ৫ হাজার ২শো কোটি টাকার উন্নয়মূলক প্রকল্পের সূচনা ও শিলান্যাস করবেন।

৪) সুপ্রিম কোর্ট জানিয়েছে, যোগ্য কর্মরত শিক্ষকদের মধ্যে যাদের ৪৫ থেকে ৫০ শতাংশের মধ্যে নম্বর রয়েছে, তাদের নতুন পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দিতে হবে।

৫) শিয়ালদায় কারমাইকেল হস্টেলে শিক্ষার্থীদের ওপর দুষ্কৃতী হামলার ঘটনায় পুলিশ দুজনকে গ্রেফতার করেছে।

৬) ঘূর্ণাবর্ত ও মৌসুমী অক্ষরেখার প্রভাবে কলকাতা সহ দক্ষিণবঙ্গের কয়েকটি জেলায় আজ দুপুরে ভারি বৃষ্টিতে স্বাভাবিক জনজীবন ব্যাহত।

৭) কলকাতা প্রিমিয়ার ডিভিশন লিগ ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট ও সুরুচি সংঘের ম্যাচ অমীমাংসিতভাবে শেষ হয়েছে।

---------------------------------------------------------------------------------------------------

ভোটার তালিকায় অনিয়মের জেরে পাঁচ অভিযুক্ত আধিকারিকের বিরুদ্ধে রাজ্য সরকার শাস্তি মূলক ব্যবস্থা নিয়েছে। দুই ডব্লিউ বিসিএস সহ চার আধিকারিক কে সাসপেন্ড করা হয়েছে। চুক্তিভিত্তিক এক ডেটা এন্ট্রি অপারেটরকে সাসপেন্ড করার পাশাপাশি, তাঁর বিরুদ্ধে এফআইআর ও দায়ের করা হয়েছে বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে। নির্বাচন কমিশনের নির্দেশে তাদের বিরুদ্ধে এই শাস্তি মূলক ব্যবস্থা কার্যকর করা হলো। তবে কমিশনের নির্দেশমতো সমস্ত আধিকারিকদের বিরুদ্ধে এফআইআর দায়ের করা হয়নি। উল্লেখ্য রাজ্যের মুখ্য সচিব মনোজ পন্থ দিল্লিতে কমিশনের প্রসঙ্গে বেঞ্চের সঙ্গে দেখা করে আজকের মধ্যে ওই আধিকারিকদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা কার্যকর করার প্রতিশ্রুতি দিয়েছিলেন।

----------------------

সংসদে প্রমোশন অ্যান্ড রেগুলেশন অফ অনলাইন গেমিং বিল, ২০২৫ পাশ হয়েছে। অনলাইনে অর্থের বিনিময়ে বিভিন্ন খেলা, বিজ্ঞাপন অথবা আর্থিক লেনদেনের মতো ক্ষতিকারক বিষয়গুলিকে নিষিদ্ধ করা এই বিলের উদ্দেশ্য। পাশাপাশি ই-স্পোর্টস ও অনলাইন সোশ্যাল গেমসের বিষয়ে উৎসাহ দেওয়া হবে। অনলাইনে সাট্টা এবং জুয়া খেলা, পোকার, রামি সহ বিভিন্ন তাস খেলা ও লটারির মতো খেলাগুলির বিরুদ্ধে পুরোনো যে আইন ছিল তা বাতিল করা হবে। যুবক যুবতীদের ইদানিং অনলাইনে বিভিন্ন অ্যাপের মাধ্যমে টাকা পয়সা খোয়ানোর সমস্যা দেখা দিচ্ছে, যার ফলে পারিবারিক স্তরে আর্থিক সঙ্কট ঘনীভূত

হচ্ছে। তরুণ সম্প্রদায়কে এধরণের প্রতারণার হাত থেকে রক্ষা করার জন্য এই আইনটি নিয়ে আসা হয়েছে। রাজ্যসভায় আজ বিলটি পেশ করার সময় বৈদ্যুতিন ও তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈশ্বব জানান

(BYTE Aswini Vaisnnaw)

উল্লেখ্য গতকাল লোকসভয় পাশ হয়েছিল। আজ সেটি রাজ্যসভায় পাশ হয়।

----------------------

সংসদে যে অনলাইন গেমিং নিয়ন্ত্রণ বিল পাস হয়েছে, তা দেশবাসীর স্বার্থে এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে ধরা হচ্ছে। বেটিং গেমসে আসক্ত হয়ে সর্বস্বান্ত হয়েছেন বহু মানুষ। এর জন্য অনেকেই আত্মহত্যার পথ বেছে নিয়েছেন। এই আইনে নাবালকদের সুরক্ষা এবং বেআইনি বাজি ধরা বন্ধ করার যে নির্দেশ দেওয়া হয়েছে, তাতে খুশী ছাত্র থেকে যুব সমাজের একাংশ। তারা এই বিলকে স্বাগত জানিয়েছেন। পুরুলিয়ার সিধো কানহো বিশ্ববিদ্যালয়ের ছাত্রী বর্ষা মুখোপাধ্যায় বলেছেন, এর ফলে তরুণ প্রজন্ম বিশেষ উপকৃত হবেন।

বাইট

----------------------

একদিনের সফরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল কলকাতা আসছেন। তাঁর এই সফরে তিনি ৫ হাজার ২শো কোটি টাকার উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। এর মধ্যে রয়েছে মেট্রো রেলের তিনটি নতুন রুটের সূচনা। এগুলি হল ইস্ট ওয়েস্ট মোট্রো রুটে শিয়ালদা থেকে ধর্মতলা, গড়িয়া – বিমানবন্দর মেট্রো

রুটে বেলেঘাটা থেকে হেমন্ত মুখোপাধ্যায় এবং নোয়াপাড়া থেকে বিমানবন্দর। যাত্রা শুরুর সংকেত দেওয়ার পর প্রধানমন্ত্রী নিজে নোয়াপাড়া বিমানবন্দর পথে সফর করবেন।

এরপর দমদম সেন্ট্রাল জেল ময়দানে এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ১ হাজার ২শো কোটি টাকা ব্যয়ে ৭ দশমিক ২ কিলোমিটার দীর্ঘ ৬ লেনের এলিভেটেড কোনা এক্সপ্রেসওয়ের শিলান্যাস করবেন। এর ফলে হাওড়া সহ গ্রামীণ এলাকার সঙ্গে কলকাতার যোগাযোগ আরো সহজ হবে। সবশেষে দমদম সেন্ট্রাল জেল ময়দানে একটি রাজনৈতিক জনসভায় বক্তব্য রাখবেন শ্রী মোদী।

প্রধানমন্ত্রীর অনুষ্ঠানের প্রস্তুতি নিয়ে একটি প্রতিবেদন

ভয়েসকাস্ট

অনুষ্ঠান শেষে প্রধানমন্ত্রী কলকাতা বিমানবন্দরে থেকে দিল্লির উদ্দেশ্যে রওনা দেবেন।

তাঁর এই সফরকে ঘিরে জোরদার করা হয়েছে নিরাপত্তা ব্যবস্থা।

যশোহর রোড, ভিআইপি রোড,নাগেরবাজার, দমদম রোড এবং সল্টলেকের বিস্তীর্ণ এলাকায় যান চলাচল নিয়ন্ত্রণ করা হবে। দুপুর থেকে প্রধানমন্ত্রী দিল্লিগামী উড়ানে না ওঠা পর্যন্ত সল্টলেক এবং দমদমের বিভিন্ন রাস্তাও বন্ধ রাখা হতে পারে বলে পুলিশ সূত্রে জানা গেছে। ফলে, উত্তর শহরতলি, উত্তর কলকাতা ও মধ্য কলকাতার কিছু অংশে যানজটের আশঙ্কা থাকছে।

----------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৫-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ. আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

----------------------

রাজ্যে মাধ্যমিক স্কুলগুলিতে ২০১৬ সালে যোগ্য চাকরিরত শিক্ষকদের জন্য গুরুত্বপূর্ণ নির্দেশ দিয়েছে সুপ্রিমকোর্ট। সর্বোচ্চ আদালতের বিচারপতি সঞ্জয় কুমার ও বিচারপতি সতীশ চন্দ্র শর্মার ডিভিশন বেঞ্চ যোগ্য কর্মরত শিক্ষকদের দায়ের করা মামলার নির্দেশে জানিয়েছেন, যাদের ৪৫ থেকে ৫০ শতাংশের মধ্যে নম্বর রয়েছে তাদের নতুন পরীক্ষায় অংশ গ্রহণের জন্য আবেদন করার সুযোগ দিতে হবে। এর জন্য ৭ দিন সময় দিতে নির্দেশ দিয়েছে দুই বিচারপতির বেঞ্চ। তবে পরীক্ষার নির্ধারিত সময়সীমা বাড়ানো হবে কিনাসে বিষয়ে সিদ্ধান্ত নেবে স্কুল সার্ভিস কমিশন। ,

সুপ্রিমকোর্ট গত তেসরা এপ্রিল প্রায় ২৬ হাজার চাকরি বাতিলের নির্দেশ দিলেও যোগ্যদেরকে নতুন পরীক্ষায় বসার সুযোগ দিতে নির্দেশ দিয়েছিল। একইসঙ্গে নির্দেশে ,

ডিসেম্বরের মধ্যে পরীক্ ৩১ চলতি বছরেরষা নেওয়ার কথাও বলা হয়েছিল। স্কুল সার্ভিস কমিশন, সুপ্রিমকোর্টের নির্দেশ মত ২০১৬ সালের জন্য ফের পরীক্ষার বিজ্ঞপ্তি জারি করলেও কমিশন বেশ কিছু নতুন ,নিয়ম চলতি বছরের জন্য চালু করে। নতুন নিয়মে পরীক্ষায় অংশগ্রহণকারীর স্নাতকস্তরের ন্যূনতম নম্বর ৫০ শতাংশ হতে হবে বলে জানানো হয়। ফলে যোগ্য হলেও যারা চাকরি করছেন তাদের অনেকের নম্বর ৫০ শতাংশের কম হওয়ার জন্য তাদের আবেদন পত্র বাতিল করে কমিশন। বিষয়টি নিয়ে  কলকাতা হাইকোর্টের সিঙ্গল বেঞ্চ ও পরে ডিভিশন বেঞ্চও স্কুল সার্ভিস কমিশনের সিদ্ধান্তে হস্তক্ষেপ করেনি। এরপর এই চাকরীরত শিক্ষকরা শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েছিলেন। তারই প্রেক্ষিতে আজ এই নির্দেশ দেওয়া হয়েছে।

-----------------------

এসএসসির শিক্ষক নিয়োগ পরীক্ষা পিছিয়ে দেওয়ার দাবি জানিয়েছেন যোগ্য চাকরিহারা শিক্ষকরা। যোগ্য শিক্ষক শিক্ষিকা অধিকার মঞ্চের আহ্বায়ক মেহেবুব মন্ডল বলেন, তাঁরা আগে থেকেই পরীক্ষা পিছিয়ে দেওয়ার ও এই পরীক্ষা শুধুমাত্র 2016 এর প্যানেলের যোগ্যদের জন্য করার দাবি জানিয়ে আসছিলেন। এটি ছাড়াও আরো অন্যান্য কিছু দাবিতে ফের তারা আদালতের দৃষ্টি আকর্ষণ করবেন বলে জানিয়েছেন।

যোগ্য চাকরিহারাদের অন্য একটি সংগঠনের নেতা সুমন বিশ্বাসও নতুন নিয়োগ প্রক্রিয়া শুধুমাত্র 2016 প্যানেলের যোগ্যদের জন্যই করার দাবি জানিয়েছেন। এ ব্যাপারে মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনায় বসার আবেদন জানিয়েছেন তাঁরা।

-----------------------

কলকাতা হাইকোর্টে জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফলাফল সংক্রান্ত মামলার শুনানি ফের পিছিয়ে গেছে। আজ মামলার শুনানি থাকলেও জয়েন্ট এন্ট্রান্স বোর্ডের পক্ষের আইনজীবী জানান, বোর্ড ফল প্রকাশ করতে প্রস্তুত। কিন্তু রাজ্য সরকার সুপ্রিমকোর্টে কলকাতা হাইকোর্টের বিচারপতি কৌশিক চন্দের নির্দেশের বিরুদ্ধে ইতিমধ্যে একটি স্পেশাল লিভ পিটিশন দায়ের করেছে। সেই বিষয়টি আগামীকাল শুনানি হতে পারে। ফলে কলকাতা হাইকোর্টের বিচারপতি সুজয় পাল ও বিচারপতি স্মিতা দাস দে'র ডিভিশন বেঞ্চে শুনানি আপাতত স্থগিত রাখার আবেদন জানানো হয়। এরপরই ডিভিশন বেঞ্চ আগামী দোসরা সেপ্টেম্বর পর্যন্ত হাইকোর্টে শুনানির উপর স্থগিতাদেশ দেয়।

উল্লেখ্য, বিচারপতি কৌশিক চন্দ গত ৭ অগাস্ট নির্দেশ দেন জয়েন্ট এন্ট্রান্স বোর্ডকে ওবিসি সংরক্ষণের ক্ষেত্রে ৭টি সম্প্রদায়কে ধরে মেধা তালিকা তৈরি করে ফল ৬৬ এবং % প্রকাশ করতে হবে।

-----------------------

উচ্চ মাধ্যমিকের তৃতীয় সেমিস্টারের ছাত্রছাত্রীদের নাম এনরোলমেন্টের জন্য অনলাইন পোর্টাল আবার চালু করল উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ। সংসদের সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, সংসদের তরফে বারবার জানানো সত্ত্বেও অনেক স্কুল এখনো পর্যন্ত তৃতীয় সেমিস্টারের জন্য ছাত্রছাত্রীদের নাম এনরোলমেন্ট সম্পূর্ণ করেনি। সেই কারণেই অনলাইন এনরোলমেন্ট পোর্টাল আজ থেকে আবার চালু করা হয়েছে। ২৪ তারিখ পর্যন্ত এটি খোলা থাকবে। এই সময়সীমার মধ্যে স্কুলের প্রধানদের উচ্চ মাধ্যমিকের তৃতীয় সেমিস্টারের ছাত্রছাত্রীদের এনরোলমেন্ট প্রক্রিয়া সম্পূর্ণ করার নির্দেশ দেওয়া হয়েছে।

-----------------------

শিয়ালদায় কারমাইকেল হস্টেলে শিক্ষার্থীদের ওপর দুষ্কৃতি হামলার ঘটনায় পুলিশ দুজনকে গ্রেফতার করেছে। ধৃত দীপক কুমার শ ও ইমতিয়াজ আলি দুজনেই নারকেলডাঙ্গার বাসিন্দা। এরা একটি মোবাইলের দোকানে কাজ করত। পড়ুয়াদের অভিযোগের ভিত্তিতে পুলিশ আজ সকালে এদের গ্রেপ্তার করে।

উল্লেখ্য, গতরাতে এই হস্টেলের আবাসিক শিক্ষার্থীদের ওপর স্থানীয়  দোকানদার এবং দুষ্কৃতিরা হকিস্টিক১০ উইকেট নিয়ে হামলা চালায় বলে অভিযোগ। এই ঘটনায় ,ব্যাট ,ছুরি , জন ছাত্র আহত হয়েছেন। তাদের মধ্যে কয়েকজনকে মেডিকেল কলেজ হাসপাতালে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়। শিক্ষার্থীরা সম্মিলিতভাবে এই হামলা প্রতিরোধ করে।

ঘটনার প্রতিবাদে এস এফ আইএর পক্ষ থেকে রাতভর মুচিপাড়া থানার বাইরে - বিক্ষোভ অবস্থান দেখানো হয়।

আইনজীবী শামীম আহমেদ, এই ঘটনাকে পূর্ব পরিকল্পিত বলে দাবি করেছেন।

বাইট

-----------------------

ঘূর্ণাবর্ত ও মৌসুমী অক্ষরেখার প্রভাবে কলকাতা সহ দক্ষিণবঙ্গের কয়েকটি জেলায় আজ দুপুরে ভারি বৃষ্টিতে স্বাভাবিক জলজীবন ব্যাহত হয়। বহু নীচুঁ এলাকা জলমগ্ন হয়ে পড়ে। ফলে সমস্যায় পড়েছেন সাধারণ মানুষ। কলকাতায় বিকেল সাড়ে ৫ টা পর্যন্ত বৃষ্টি হয়েছে ৩০ মিলিমিটারেরও বেশি। আলিপুর আবহাওয়া দপ্তর আগামী ২৪ ঘন্টায়

কলকাতায় ভারি বৃষ্টির সতর্কতা জারি করেছে। পূর্ব বর্ধমান এবং দক্ষিণ ২৪ পরগনা এবং উত্তরবঙ্গের আলিপুরদুয়ার জেলায় কমলা সর্তকতা জারি করা হয়েছে। এছাড়া উত্তরবঙ্গের দার্জিলিং কালিম্পং জলপাইগুড়ি কোচবিহার এবং উত্তর দিনাজপুর জেলায় রয়েছে হলুদ সর্তকতা।

আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে, উত্তর উড়িষ্যা ও সংলগ্ন গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ওপর একটি ঘূর্ণাবর্ত সৃষ্টি হয়েছে। অন্যদিকে মৌসুমী অক্ষরেখা বাঁকুড়া এবং দীঘা হয়ে পূর্ব মধ্য বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর ফলে আগামী দুদিন রাজ্যের প্রায় সর্বত্রই হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা এবং কোথাও কোথাও বজ্র বিদ্যুত্ সহ ভারী থেকে অতি ভারীও বৃষ্টি হতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

বাইট

উপকূলবর্তী এলাকায় ঘন্টায় ৩৫ থেকে ৫৫ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। সমুদ্র উত্তাল থাকায় মৎস্যজীবীদের শনিবার পর্যন্ত সাগরে পারি দিতে নিষেধ করা হয়েছে।

-----------------------

কলকাতা প্রিমিয়ার ডিভিশন লিগ ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট ও সুরুচি সংঘের খেলাটি ১-১ গোলে অমীমাংসিত ভাবে  শেষ হয়েছে। নৈহাটি স্টেডিয়ামে আজ জোসেফ হাকিপের দেওয়া গোলে বিরতিতে সুরুচি সংঘ ১-০ এগিয়ে ছিল। ৮৭ মিনিটে মোহনবাগানের তুষার বিশ্বরর্মা গোল করে সমতা ফেরান।

সাত ম্যাচে মোহনবাগান পয়েন্ট **১১** পেয়ে পয়েন্ট তালিকার ষষ্ঠ স্থানে রয়েছে।। সুরুচি সংঘ আট ম্যাচে **১৬** পয়েন্ট নিয়ে তৃতীয় স্থানে উঠে এসেছে।

অন্য ম্যাচে চুঁচুড়া স্টেডিয়ামে খিদিরপুর ক্লাব ৬-২ গোলে সাদার্ন সমিতিকে হারিয়ে দিয়েছে।

---------------------- ----------------------